

## ■■ কুরআন ও সহীহ হাদীসের আলোকে জামা'আতে সালাত আদায় [বিধান, ফ্যীলত, ফায়েদা ও নিয়ম-কানূন]

বিভাগ/অধ্যায়ঃ জামা'আতে সালাত আদায় করতে যাওয়ার ফ্যীলত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১২. নিজ ঘরে অযু করে জামা'আতে সালাত আদায়ের উদ্দেশ্যে মসজিদে আগমনকারীকে আল্লাহ তা'আলা বিশেষভাবে সম্মানিত করেন:

সালমান ফার্সী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

"যে ব্যক্তি নিজ ঘরে ভালোভাবে অযু করে (জামা'আতে সালাত আদায়ের উদ্দেশ্যে) মসজিদে আসে সে আল্লাহ তা'আলার একান্ত সাক্ষাৎ পিয়াসি। আর যার সাক্ষাৎ কামনা করা হচ্ছে তার দায়িত্ব হবে তার একান্ত সাক্ষাৎ পিয়াসির সম্মান করা"।[1]

উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন,

"মসজিদগুলো পৃথিবীতে আল্লাহর ঘর। আর যার সাক্ষাৎ কামনা করা হচ্ছে তার দায়িত্ব হবে তার একান্ত সাক্ষাৎ পিয়াসির সম্মান করা"।[2]

\_

## ফুটনোট

- [1] ত্বাবারানী/কবীর, হাদীস নং ৬১৩৯, ৬১৪৫; ইবন আবী শাইবাহ, হাদীস নং ১৬৪৬৫।
- [2] ইবন আবী শাইবাহ, হাদীস নং ৩৫৭৫৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10749

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন